

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ অনভিজ্ঞ ব্যক্তিকে যেই হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো বারা বিন আযিব রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসের বিপরীত

ذِكْنُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّهُ يُضَادُّ خَبَرَ الْبَرَاءِ الَّذِي ذكرناه

আরবী

1882 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ ثَابِتٍ قَالَ: قَالَ لَنَا أَنسُ بْنُ مَالِكِ: إِنِّي لَا آلُو أَنْ أُصلِّي بِكُمْ كَمَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي بِنَا قَالَ ثَابِتٌ: رَأَيْتُ أَنسَ بْنَ مَالِكٍ يَصنْنَعُ شَيْئًا لَا أَرَاكُمْ تَصنْنَعُونَهُ كَانَ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ قَامَ حَتَّى يَقُولَ الْقَائِلُ: لَقَدْ نَسِيَ وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ قَامَ حَتَّى يَقُولَ الْقَائِلُ: لَقَدْ نَسِيَ وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرَّكُوعِ قَامَ حَتَّى يَقُولَ الْقَائِلُ: لقد نسى.

الراوي : ثَابِت | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1882 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (799)

বাংলা

১৮৮২. সাবিত রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যেভাবে সালাত আদায় করতে দেখেছি, সেভাবে আপনাদের নিয়ে সালাত আদায় করতে মোটেও কুষ্ঠা বোধ করবো না।"

সাবিত রহিমাহল্লাহ বলেন, "আমি আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুকে এমন কিছু করতে দেখেছি, যা আমি আপনাদের করতে দেখি না। তিনি যখন রুকু' থেকে মাথা উত্তোলন করতেন, তখন তিনি এতো অধিক পরিমাণ দাঁড়িয়ে থাকতেন যে, কেউ হয়তো মনে করতো যে, তিনি (সাজদা করার কথা) ভুলে গেছেন এবং যখন তিনি প্রথম সাজদা থেকে মাথা উত্তোলন করতেন, তখন তিনি এতো অধিক পরিমাণ বসে থাকতেন যে, কেউ হয়তো মনে করতো যে, তিনি (আরেক সাজদা করার কথা) ভুলে গেছেন।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২২৬; সহীহ আল বুখারী: ৮২১; সহীহ মুসলিম: ৪৭২; সুনান বাইহাকী: ২/৯৮; আবূ আওয়ানা: ২/১৭৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৬০৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬২৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাবিত আল বুনানী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন